

রুরাল পাওয়ার কোম্পানী লিঃ
বাড়ী#১৯, রোড #১/বি
সেক্টর#০৯, উত্তরা, ঢাকা।

বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন টিমের জানুয়ারি, ২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

বিজ্ঞাখস মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা এবং মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন (০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮) অনুযায়ী রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ইনোভেশন টিমের জানুয়ারি, ২০১৮ মাসের মাসিক সভা ০৮/০১/২০১৮ ইং তারিখ রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব মোঃ সেলিম ভূঁইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আরপিসিএল এর ইনোভেশন টিমের সদস্যগন উপস্থিত ছিলেন(উপস্থিতির তালিকা সংযুক্ত)। এছাড়াও উক্ত সভায় আরপিসিএল এর ৩টি বিদ্যুৎ কেন্দ্রের (ময়মনসিংহ, গাজীপুর, রাউজান) ইনোভেশন টিমের সদস্যগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অংশগ্রহন করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করা হয়:

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতির উপর আলোচনা	সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং উক্ত প্রতিবেদনের উপরে বিস্তারিত আলোচনা করা হয়।	প্রতি মাসের মাসিক সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আলোচনা করার বিষয়টি অব্যাহত রাখার ব্যাপারে এবং প্রতিমাসে নিয়মিত মন্ত্রনালয়ের ইনোভেশন টিমের নিকট প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)
২	পুনঃগঠিত ইনোভেশন টিম উপস্থাপন।	সভায় সদর দপ্তর ও পাওয়ার প্ল্যান্ট সমূহের পুনঃগঠিত ইনোভেশন টিমের সদস্যদের পরিচয় করানো হয়।	মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক সবাইকে নিজ নিজ অর্পিত দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ।
৩	ভার্চুয়াল লাইব্রেরী ও সহজেই আইসিটি সেবা বিষয়ে আলোচনা	ভার্চুয়াল লাইব্রেরীর কন্টেন্ট আরও বৃদ্ধি ও সহজেই আইসিটি সেবার Knowledge Bank টি আরও তথ্যসমৃদ্ধ করার বিষয়ে আলোচনা করা হয়।	কতজন ইউজার ভার্চুয়াল লাইব্রেরী ব্যবহার করছে তার পরিসংখ্যান এবং সহজেই আইসিটি সেবা Knowledge Bank টি আরও তথ্যসমৃদ্ধ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪	প্রাপ্ত ইনোভেশন আইডিয়াসমূহ নিয়ে আলোচনা	সভায় প্রাপ্ত ইনোভেশন আইডিয়াসমূহের * মধ্যে কয়েকটি আইডিয়া নিয়ে আলোচনা করা হয়।	কারিগরি জ্ঞানের ভিডিও টিউটোরিয়াল তৈরী আইডিয়াটির কয়েকটি ডেমো ভিডিও তৈরীর জন্য নির্দেশনা প্রদান করা হয়।	সংশ্লিষ্ট টিমের সদস্যবৃন্দ

এছাড়াও সভাপতি যেকোনো ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বাজেট ও প্রণোদনা প্রদানের ব্যাপারে আরপিসিএল কর্তৃপক্ষের সর্বোচ্চ সহযোগিতার কথা ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সেলিম ভূঁইয়া)

ইনোভেশন অফিসার

ও

নির্বাহী পরিচালক (প্রকৌশল)

রুরাল পাওয়ার কোম্পানী লিঃ।

স্মারক নংঃ-২৭.২৬.০০০০.০০৩.০৯.০০৭.১৩. ০৬৩

তারিখঃ ০৮/০১/২০১৮ ইং

সংযুক্তি :

১. আরপিসিএল এর ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনার ডিসেম্বর, ২০১৭ মাসের অগ্রগতির প্রতিবেদন।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

১. সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
৩. উপ-সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রণালয়, ঢাকা।
৪. ইনোভেশন টিমের

সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।

৫. প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম।
৬. অফিস কপি।

বিতরণ (সদয় কার্যার্থে) :

১. ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ সদর দপ্তর/ এমপিএস/জিপিপি/ আরপিপি, ঢাকা/ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম। (আলোচ্যসূচী-২ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
২. ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ এমপিএস, ময়মনসিংহ। (আলোচ্যসূচী-৪ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৩. সহকারী ব্যবস্থাপক (আইসিটি), আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-১ ও ৩ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট প্রোগ্রামারের ই-মেইলে প্ররণের ব্যবস্থা নিবেন)

